# Times Today BD

কাজী শহিদুল্লাহ তনয় | ঢাকা | 16 April, 2025

আশুলিয়ায় যাত্রীবাহি লেগুনা সড়কের পাশের খোলা ড্রেনে পড়ে নিহত হয়েছেন ২ যাত্রী।এসময় আহত হয়েছেন আরও অন্তত ৪ যাত্রী।খবর পেয়ে নিহতদের মরদেহ উদ্ধার করেছে পুলিশ এবং ঘটনাস্থল পরিদর্শন করেছে ফায়ার সার্ভিস।

বুধবার সন্ধা সাড়ে ৭টার দিকে আশুলিয়ার আবদুল্লাহপুর বাইপাইল সড়কের জামগড়া এলাকায় এ দুর্ঘটনা ঘটে।নিহতরা হলেন, বদরুল আলম ও হৃদয় মিয়া।এ ঘটনায় আহতদের স্থানীয় হাসপাতালে চিকিৎসা দেয়া হচ্ছে।

আশুলিয়ার নারি ও শিশু হাসপাতাল কর্তৃপক্ষ জানায়, দুর্ঘটনার পর ৪ জনকে হাসপাতালে আনা হলে কর্তব্যরত চিকিৎসক ২ জনকে মৃত ঘোষণা করে।আহত ২ জনের অবস্থা ভালো আছে।চিকিৎসা শেষে তাদের ছেড়ে দেয়া হবে।

স্থানীয়রা জানায়, বিকালের বৃষ্টিতে সড়কটির বিভিন্ন স্থানে পানি জমে যায়।৮-১০ জন যাত্রী নিয়ে লেগুনাটি বাইপাইলের দিকে যাচ্ছিল। লেগুনাটি সড়কের পাশের খোলা ড্রেনে পড়ে গেলে ৫- ৬ জন যাত্রী আহত হয়।পরে তাদের উদ্ধার করে স্থানীয় হাসপাতালে নেয়া হয়।

আশুলিয়া হাসপাতাল সড়ক নিহত

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 June, 2025 00:46

URL: https://timestodaybd.com/dhaka/775807941